

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫১৫(আগরতলা, ০৮।০৩)  
ধর্মনগর, ০৮ মার্চ, ২০১৯

ধর্মনগরে দিব্যাঙ্গজনদের মধ্যে চলন সামগ্রী বিতরণ

৬ মার্চ জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় প্রাঙ্গণে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে উত্তর জেলার ২৪ জন দিব্যাঙ্গজনকে চলন সামগ্রী ও শ্রবণ যন্ত্র বিনামূল্যে দেওয়া হয়। এই অনুষ্ঠানের আয়োজনে উত্তর জেলা দিব্যাঙ্গজন পুনর্বাসন কেন্দ্র, সহযোগিতায় ভারত সরকারের ক্ষমতায়ন সামাজিক ন্যায়বিচার মন্ত্রণালয়। এই অনুষ্ঠানে প্রধান অতিথি তথা উদ্বোধক বিধানসভার উপাধ্যক্ষ বিশ্ববন্ধু সেন তাঁর বক্তব্যে দিব্যাঙ্গজনদের জন্য রাজ্য সরকারের এবং ভারত সরকারের এই মহতী উদ্যোগকে স্বাগত এবং অভিনন্দন জানান। তিনি বলেন, সম্পূর্ণ সরকারি খরচে চলন সামগ্রী পাওয়ার মধ্য দিয়ে দিব্যাঙ্গজনেরা উপকৃত হবেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উত্তর জেলার দিব্যাঙ্গজন পুনর্বাসন কেন্দ্রের নোডাল অফিসার হরেশ পাল চৌধুরী। এছাড়া উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত জেলা স্বাস্থ্য আধিকারিক ডা: শুভাশিস রায়, ভারপ্রাপ্ত জেলা শিক্ষা আধিকারিক সুব্রত পাল প্রমুখ। সভাপতিত্ব করেন উত্তর জেলার অতিরিক্ত জেলাশাসক নগেন্দ্র দেববর্মা। উল্লেখ্য, দিব্যাঙ্গজনদের মধ্যে উপাধ্যক্ষ ট্রাই সাইকেল, হুইল চেয়ার, শ্রবণ যন্ত্র সহ অন্যান্য সামগ্রী তুলে দেন।

\*\*\*\*\*